দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 10 JAN 2016 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৫ ......

# শিক্ষকদের অপমান করলে নির্বাচনে পার হওয়া যাবে না

----------মুনতাসীর মামুন

■ স্টাফ রিপোর্টার, রাজশাহী

বিশিষ্ট কলামিস্ট ও ইতিহাসবিদ অধ্যাপক ড. মুনতাসীর মামুন বলেছেন, 'শিক্ষকদের অপমান করলে নির্বাচন পার হওয়া যাবে না।' গত বৃহস্পতিবার মেডিক্যাল কলেজের আমির উদ্দিন গ্যালারিতে আয়োজিত একক বক্তৃতা অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন।

অধ্যাপক মুনতাসীর মামুন বলেন, 'তখন কেউ দাঁড়ায়নি, রাজনীতিবিদরা পালিয়ে গেছে। আমরা কয়েকজন শিক্ষক ও ছাত্র দাঁড়িয়ে প্রতিবাদ জানিয়েছি। সবকিছু অগ্রাহ্য করে পথ সৃষ্টি করে দিয়েছি। যারা এখন সচিব থেকে শুরু করে আমলাতন্ত্রে আছেন, তারাই তো পিটিয়েছেন।